# ষষ্ঠ অধ্যায়
# বীজগণিতীয় ভগ্নাংশ

## অনুশীলনী ৬.১

### পাঠ সম্পর্কিত গুরুত্বপূর্ণ বিষয়াদি

**বীজগণিতীয় ভগ্নাংশ :** যদি কোনো ভগ্নাংশের শুধু লব বা শুধু হর বা লব ও হর উভয়কে বীজগণিতীয় প্রতীক বা রাশি দ্বারা প্রকাশ করা হয়, তবে তা হবে বীজগণিতীয় ভগ্নাংশ।

**সমতুল ভগ্নাংশ :** কোনো ভগ্নাংশের লব ও হরকে শূন্য ছাড়া একই রাশি দ্বারা গুণ বা ভাগ করলে, ভগ্নাংশের মানের কোনো পরিবর্তন হয় না।

**ভগ্নাংশের লঘুকরণ :** কোনো ভগ্নাংশের লঘুকরণের অর্থ হলো ভগ্নাংশটিকে লঘিষ্ঠ আকারে পরিণত করা। এ জন্য লব ও হরকে তাদের সাধারণ গুণনীয়ক বা উৎপাদক দ্বারা ভাগ করা হয়। কোনো ভগ্নাংশের লব ও হরের মধ্যে কোনো সাধারণ গুণনীয়ক বা উৎপাদক না থাকলে এরূ প ভগ্নাংশকে লঘিষ্ঠ আকারে ভগ্নাংশ বলা হয়।

**সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশকে সমহরবিশিষ্ট ভগ্নাংশও বলে। এৰেত্রে প্রদত্ত ভগ্নাংশগুলোর হর সমান করতে হয়।

### অনুশীলনীর প্রশ্ন ও সমাধান

**লঘিষ্ঠ আকারে প্রকাশ কর (১–১০) :**

**প্রশ্ন ॥ ১ ॥** $\mathbf{\frac{a^2b}{a^3c}}$

**সমাধান :** $\frac{a^2b}{a^3c} = \frac{a \times a \times b}{a \times a \times a \times c} = \frac{b}{ac}$

**Ans :** $\frac{a^2b}{a^3c}$ এর লঘিষ্ঠ আকার $\frac{b}{ac}$

**প্রশ্ন ॥ ২ ॥** $\mathbf{\frac{a^2bc}{ab^2c}}$

**সমাধান :** $\frac{a^2bc}{ab^2c} = \frac{a \times a \times b \times c}{a \times b \times b \times c} = \frac{a}{b}$

**Ans :** $\frac{a^2bc}{ab^2c}$ এর লঘিষ্ঠ আকার $\frac{a}{b}$

**প্রশ্ন ॥ ৩ ॥** $\mathbf{\frac{x^3y^3z^3}{x^2y^2z^2}}$

**সমাধান :** $\frac{x^3y^3z^3}{x^2y^2z^2} = \frac{x^2y^2z^2 \times xyz}{x^2y^2z^2} = xyz$

**Ans :** $\frac{x^3y^3z^3}{x^2y^2z^2}$ এর লঘিষ্ঠ আকার xyz

**প্রশ্ন ॥ ৪ ॥** $\mathbf{\frac{x^2 + x}{xy + y}}$

**সমাধান :** $\frac{x^2 + x}{xy + y} = \frac{x(x + 1)}{y(x+1)} = \frac{x}{y}$

**Ans :** লঘিষ্ঠ আকার $\frac{x}{y}$

**প্রশ্ন ॥ ৫ ॥** $\mathbf{\frac{4a^2b}{6a^3b}}$

**সমাধান :** $\frac{4a^2b}{6a^3b}$

$= \frac{2a^2b \times 2}{2a^2b \times 3a}$ [লব ও হরের গ.সা.গু $2a^2b$]

$= \frac{2}{3a}$

**Ans :** $\frac{4a^2b}{6a^3b}$ এর লঘিষ্ঠ আকার $\frac{2}{3a}$

**প্রশ্ন ॥ ৬ ॥** $\mathbf{\frac{2a - 4ab}{1 - 4b^2}}$

**সমাধান :** $\frac{2a - 4ab}{1 - 4b^2} = \frac{2a(1 - 2b)}{(1)^2 - (2b)^2} = \frac{2a(1 - 2b)}{(1 + 2b)(1 - 2b)} = \frac{2a}{1 + 2b}$

**Ans :** $\frac{2a - 4ab}{1 - 4b^2}$ এর লঘিষ্ঠ আকার $\frac{2a}{1 + 2b}$

**প্রশ্ন ॥ ৭ ॥** $\mathbf{\frac{2a + 3b}{4a^2 - 9b^2}}$

**সমাধান :** $\frac{2a + 3b}{4a^2 - 9b^2} = \frac{2a + 3b}{(2a)^2 - (3b)^2} = \frac{(2a + 3b)}{(2a + 3b)(2a - 3b)} = \frac{1}{2a - 3b}$

**Ans :** $\frac{2a + 3b}{4a^2 - 9b^2}$ এর লঘিষ্ঠ আকার $\frac{1}{2a - 3b}$

**প্রশ্ন ॥ ৮ ॥** $\mathbf{\frac{a^2 + 4a + 4}{a^2 - 4}}$

**সমাধান :** $\frac{a^2 + 4a + 4}{a^2 - 4} = a^2 + 2 . a . 2 + (2)^2$

$= \frac{(a + 2)(a + 2)}{(a + 2)(a - 2)} = \frac{a + 2}{a - 2}$

**Ans :** $\frac{a^2 + 4a + 4}{a^2 - 4}$ এর লঘিষ্ঠ আকার $\frac{a + 2}{a - 2}$.

**প্রশ্ন ॥ ৯ ॥** $\mathbf{\frac{x^2 - y^2}{(x + y)^2}}$

**সমাধান :** $\frac{x^2 - y^2}{(x + y)^2} = \frac{(x + y)(x - y)}{(x + y)(x + y)} = \frac{x - y}{x + y}$

**Ans :** লঘিষ্ঠ আকার $\frac{x - y}{x + y}$.

**প্রশ্ন ॥ ১০ ॥** $\mathbf{\frac{x^2 + 2x - 15}{x^2 + 9x + 20}}$

**সমাধান :** $\frac{x^2 + 2x - 15}{x^2 + 9x + 20} = \frac{x^2 + 5x - 3x - 15}{x^2 + 5x + 4x + 20}$

$= \frac{x(x + 5) - 3(x + 5)}{x(x + 5) + 4(x + 5)} = \frac{(x + 5)(x - 3)}{(x + 5)(x + 4)}$

$= \frac{x - 3}{x + 4}$

**Ans :** লঘিষ্ঠ আকার $\frac{x - 3}{x + 4}$.

**সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ কর (১১–২০):**

**প্রশ্ন ॥ ১১ ॥** $\frac{a}{bc}, \frac{a}{ac}$

**সমাধান :** প্রদত্ত ভগ্নাংশদ্বয়ের হর bc ও ac এর ল.সা.গু = abc

$\therefore \frac{a}{bc} = \frac{a \times a}{bc \times a}$ [$\because$ abc ÷ bc = a]

$= \frac{a^2}{abc}$

এবং $\frac{a}{ac} = \frac{a \times b}{ac \times b}$ [$\because$ abc ÷ ac = b]

$= \frac{ab}{abc}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{a^2}{abc}, \frac{ab}{abc}$

**প্রশ্ন ॥ ১২ ॥** $\frac{x}{pq}, \frac{y}{pr}$

**সমাধান :** প্রদত্ত ভগ্নাংশদ্বয়ের হর pq ও pr এর ল.সা.গু. = pqr

$\therefore \frac{x}{pq} = \frac{x \times r}{pq \times r}$ [$\because$ pqr ÷ pq = r]

$= \frac{rx}{pqr}$

এবং $\frac{y}{pr} = \frac{y \times q}{pr \times q}$ [$\because$ pqr ÷ pr = q]

$= \frac{qy}{pqr}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{rx}{pqr}, \frac{qy}{pqr}$

**প্রশ্ন ॥ ১৩ ॥** $\frac{2x}{3m}, \frac{3y}{2n}$

**সমাধান :** প্রদত্ত ভগ্নাংশদ্বয়ের হর 3m ও 2n এর ল.সা.গু. = 6mn

$\therefore \frac{2x}{3m} = \frac{2x \times 2n}{3m \times 2n}$ [$\because$ 6mn ÷ 3m = 2n]

$= \frac{4nx}{6mn}$

এবং $\frac{3y}{2n} = \frac{3y \times 3m}{2n \times 3m}$ [$\because$ 6mn ÷ 2n = 3m]

$= \frac{9my}{6mn}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{4nx}{6mn}, \frac{9my}{6mn}$

**প্রশ্ন ॥ ১৪ ॥** $\frac{a}{a-b}, \frac{b}{a+b}$

**সমাধান :** প্রদত্ত ভগ্নাংশদ্বয়ের হর a – b ও a + b এর ল.সা.গু. = (a + b)(a – b)

$\therefore \frac{a}{a-b} = \frac{a \times (a+b)}{(a-b) \times (a+b)}$ [$\because$ (a + b)(a – b) ÷ (a – b) = (a + b)]

$= \frac{a(a+b)}{a^2-b^2}$

এবং $\frac{b}{a+b} = \frac{b \times (a-b)}{(a+b)(a-b)}$ [$\because$ (a + b) (a – b) ÷ (a + b) = (a – b)]

$= \frac{b(a-b)}{a^2-b^2}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{a(a+b)}{a^2-b^2}, \frac{b(a-b)}{a^2-b^2}$

**প্রশ্ন ॥ ১৫ ॥** $\frac{x^2}{a^2-2ab}, \frac{y^2}{a+2b}$

**সমাধান :**

১ম ভগ্নাংশের হর = $a^2 - 2ab = a(a - 2b)$

২য় ভগ্নাংশের হর = a + 2b

$\therefore$ হরগুলোর ল.সা.গু. = a(a + 2b)(a – 2b)

$\therefore \frac{x^2}{a^2-2ab} = \frac{x^2}{a(a-2b)}$

$= \frac{x^2 \times (a+2b)}{a(a-2b) \times (a+2b)}$

[$\because$ a(a + 2b)(a – 2b) ÷ a(a – 2b) = (a + 2b)]

$= \frac{x^2(a+2b)}{a(a^2-4b^2)}$

এবং $\frac{y^2}{a+2b} = \frac{y^2 \times a(a-2b)}{(a+2b) \times a(a-2b)}$

[$\because$ a(a + 2b) (a – 2b) ÷ (a + 2b) = a(a – 2b)]

$= \frac{a(a-2b)y^2}{a(a^2-4b^2)}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুটি $\frac{(a+2b)x^2}{a(a^2-4b^2)}, \frac{a(a-2b)y^2}{a(a^2-4b^2)}$

**প্রশ্ন ॥ ১৬ ॥** $\frac{3}{a^2-4}, \frac{2}{a(a+2)}$

**সমাধান :**

১ম ভগ্নাংশের হর = $a^2 - 4 = (a)^2 - (2)^2 = (a + 2)(a - 2)$

২য় ভগ্নাংশের হর = a(a + 2)

$\therefore$ হরগুলোর ল.সা.গু. a(a + 2)(a – 2)

$\therefore \frac{3}{a^2-4} = \frac{3}{(a+2)(a-2)}$

$= \frac{3 \times a}{(a+2)(a-2) \times a}$ [লব ও হরকে a দ্বারা গুণ করে]

$= \frac{3a}{a(a^2-4)}$

এবং $\frac{2}{a(a+2)} = \frac{2 \times (a-2)}{a(a+2) \times (a-2)}$

[লব ও হরকে (a–2) দ্বারা গুণ করে]

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{3a}{a(a^2-4)}, \frac{2(a-2)}{a(a^2-4)}$

**প্রশ্ন ॥ ১৭ ॥** $\frac{a}{a^2-9}, \frac{b}{a+3}$

**সমাধান :**

১ম ভগ্নাংশের হর = $a^2 - 9 = (a)^2 - (3)^2 = (a + 3)(a - 3)$

২য় ভগ্নাংশের হর = a + 3

$\therefore$ হরগুলোর ল.সা.গু. = (a + 3)(a – 3)

$\therefore \frac{a}{a^2-9} = \frac{a}{(a+3)(a-3)}$

$= \frac{a \times 1}{(a+3)(a-3) \times 1}$ [লব ও হরকে 1 দ্বারা গুণ করে]

$= \frac{a}{a^2-9}$

এবং $\frac{b}{(a+3)} = \frac{b \times (a-3)}{(a+3) \times (a-3)}$ [লব ও হরকে (a – 3) দ্বারা গুণ করে]

$= \frac{b(a-3)}{a^2-9}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{a}{a^2-9}, \frac{b(a-3)}{a^2-9}$

**প্রশ্ন ॥ ১৮ ॥** $\frac{a}{a+b}, \frac{b}{a-b}, \frac{c}{a-c}$

**সমাধান :** প্রদত্ত ভগ্নাংশগুলোর হর a + b, a – b ও a – c এর ল.সা.গু.

= (a + b)(a – b)(a – c)

$\therefore$ ১ম ভগ্নাংশ $= \frac{a}{a+b} = \frac{a \times (a-b)(a-c)}{(a+b) \times (a-b)(a-c)}$

[লব ও হরকে (a – b) (a – c) দ্বারা গুণ করে]

$= \frac{a(a-b)(a-c)}{(a^2-b^2)(a-c)}$

২য় ভগ্নাংশ $= \frac{b}{a-b} = \frac{b \times (a+b)(a-c)}{(a-b) \times (a+b)(a-c)}$

[লব ও হরকে (a + b) (a – c) দ্বারা গুণ করে]

$= \frac{b(a+b)(a-c)}{(a^2-b^2)(a-c)}$

৩য় ভগ্নাংশ $= \frac{c}{a-c} = \frac{c \times (a+b)(a-b)}{(a-c)(a+b)(a-b)}$

[লব ও হরকে (a + b) ( a – b) দ্বারা গুণ করে]

$= \frac{c(a+b)(a-b)}{(a^2-b^2)(a-c)}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ তিনটি

$\frac{a(a-b)(a-c)}{(a^2-b^2)(a-c)}, \frac{b(a+b)(a-c)}{(a^2-b^2)(a-c)}$ ও $\frac{c(a+b)(a-b)}{(a^2-b^2)(a-c)}$

**প্রশ্ন ॥ ১৯ ॥** $\frac{a}{a-b}, \frac{b}{a+b}, \frac{c}{a(a+b)}$

**সমাধান :** প্রদত্ত ভগ্নাংশগুলোর হর a – b, a + b ও a(a + b) এর ল.সা.গু = a(a +b)(a – b)

$\therefore$ ১ম ভগ্নাংশ $= \frac{a}{a-b} = \frac{a \times a(a+b)}{(a-b) \times a(a+b)}$

[লব ও হরকে a(a + b) দ্বারা গুণ করে]

$= \frac{a^2(a+b)}{a(a^2-b^2)}$

২য় ভগ্নাংশ $= \frac{b}{a+b} = \frac{b \times a(a-b)}{(a+b) \times a(a-b)}$

[লব ও হরকে a(a – b) দ্বারা গুণ করে]

$= \frac{ab(a-b)}{a(a^2-b^2)}$

৩য় ভগ্নাংশ $= \frac{c}{a(a+b)} = \frac{c \times (a-b)}{a(a+b)(a-b)}$

[লব ও হরকে (a – b) দ্বারা গুণ করে]

$= \frac{c(a-b)}{a(a^2-b^2)}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ তিনটি $\frac{a^2(a+b)}{a(a^2-b^2)}, \frac{ab(a-b)}{a(a^2-b^2)}$ ও $\frac{c(a-b)}{a(a^2-b^2)}$

**প্রশ্ন ॥ ২০ ॥** $\mathbf{\frac{2}{x^2-x-2}, \frac{3}{x^2+x-6}}$

**সমাধান :**

১ম ভগ্নাংশের হর $= x^2 - x - 2$
$= x^2 - 2x + x - 2$
$= x(x-2) + 1(x-2)$
$= (x-2)(x+1)$

২য় ভগ্নাংশের হর $= x^2 + x - 6$
$= x^2 + 3x - 2x - 6$
$= x(x+3) - 2(x+3)$
$= (x+3)(x-2)$

$\therefore$ ভগ্নাংশদ্বয়ের হরগুলোর ল.সা.গু. $= (x-2)(x+1)(x+3)$

১ম ভগ্নাংশ $= \frac{2}{x^2-x-2} = \frac{2}{(x-2)(x+1)}$

$= \frac{2 \times (x+3)}{(x-2)(x+1) \times (x+3)}$

[লব ও হরকে (x + 3) দ্বারা গুণ করে]

$= \frac{2(x+3)}{(x+1)(x-2)(x+3)}$

২য় ভগ্নাংশ $= \frac{3}{x^2+x-6} = \frac{3}{(x-2)(x+3)}$

$= \frac{3 \times (x+1)}{(x-2)(x+3) \times (x+1)}$

[লব ও হরকে (x + 1) দ্বারা গুণ করে]

$= \frac{3(x+1)}{(x+1)(x-2)(x+3)}$

**Ans :** সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি

$\frac{2(x+3)}{(x+1)(x-2)(x+3)}, \frac{3(x+1)}{(x+1)(x-2)(x+3)}$

## অতিরিক্ত বহুনির্বাচনি প্রশ্নোত্তর

### ৬·১ : ভগ্নাংশ ■ পৃষ্ঠা : ৮০

#### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১. যদি কোনো ভগ্নাংশের শুধু লব বা শুধু হর বা লব ও হর উভয়কে বীজগণিতীয় প্রতীক বা রাশি দ্বারা প্রকাশ করা হয়, তবে তা কী হবে?** (সহজ)

● বীজগণিতীয় ভগ্নাংশ ⓚ বীজগণিতীয় প্রতীক
ⓖ সমতুল ভগ্নাংশ ⓖh দশমিক ভগ্নাংশ

**২. একটি বৃত্তের 4 ভাগের 3 ভাগ কালো রং করা। রং করা অংশটি সম্পূর্ণ বৃত্তের কত অংশ?** (মধ্যম)

ক $\frac{1}{4}$ খ $\frac{2}{4}$ ● $\frac{3}{4}$ ঘ $\frac{4}{3}$

**৩. $\mathbf{\frac{2a}{a+b}}$ কোন ধরনের ভগ্নাংশ?** (সহজ)

ক দশমিক ● বীজগণিতীয় গ পাটিগণিতীয় ঘ সমতুল

**৪. $\frac{x}{y}$ ভগ্নাংশটির হর কোনটি?** (সহজ)

ক x ● y গ $\frac{1}{x}$ ঘ $\frac{1}{y}$

**৫. নিচের কোনটি বীজগণিতীয় ভগ্নাংশ?** (সহজ)

ক $\frac{1}{2}$ খ $\frac{3}{4}$ ● $\frac{5}{b}$ ঘ $\frac{5}{4}$

**৬. একটি ভগ্নাংশের লব 3x এবং হর 4y হলে, ভগ্নাংশটি কত?** (সহজ)

ক $\frac{4y}{3x}$ খ $\frac{y}{x}$ ● $\frac{3x}{4y}$ ঘ $\frac{4x}{3y}$

#### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৭. বীজগণিতীয় ভগ্নাংশের ক্ষেত্রে –**

i. $\frac{3a}{4b}$ একটি বীজগণিতীয় ভগ্নাংশ

ii. $\frac{2x+1}{x-3}$ একটি বীজগণিতীয় ভগ্নাংশ

iii. $\frac{5}{8}$ একটি বীজগণিতীয় ভগ্নাংশ

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

● i ও ii ⓐ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

**৮. নিচের তথ্যগুলো লক্ষ কর :**

i. $\frac{4}{9}$ একটি বীজগণিতীয় ভগ্নাংশ ii. $\frac{a}{5}, \frac{2a}{a+b}$ বীজগণিতীয় ভগ্নাংশ

iii. $\frac{a}{b}$ ভগ্নাংশটির লব a এবং হর b

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

ⓚ i ও ii ⓐ i ও iii ● ii ও iii ⓓ i, ii ও iii

**৯. $\frac{8a}{24b}$ একটি বীজগণিতীয় ভগ্নাংশ—**

i. ভগ্নাংশটির লব 8a ii. ভগ্নাংশটির হর 24b

iii. এর a = b হলে তাও একটি বীজগণিতীয় ভগ্নাংশ

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

● i ও ii ⓐ i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **নিচের তথ্যের আলোকে ১০ ও ১১ নং প্রশ্নের উত্তর দাও:**

$\frac{2}{3}, \frac{3a}{a+b}$ দুইটি ভগ্নাংশ।

**১০. প্রথম ভগ্নাংশটি কী ধরনের?** (সহজ)

● পাটিগণিতীয় ⓐ বীজগণিতীয় ⓖ সমতুল ⓓ পূর্ণসংখ্যা

**১১. দ্বিতীয় ভগ্নাংশটি কী ধরনের ভগ্নাংশ?** (সহজ)

● বীজগণিতীয় ⓐ পাটিগণিতীয় ⓖ সমহরবিশিষ্ট ⓓ সমতুল

## ৬.২ : সমতুল ভগ্নাংশ ■ পৃষ্ঠা : ৮১ – ৮২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১২. $\frac{a}{b}$ এর সমতুল ভগ্নাংশ নিচের কোনটি?** (মধ্যম)

ⓚ $\frac{a^2}{bc}$ ⓐ $\frac{ac}{b}$ ⓖ $\frac{a^3}{b^2}$ ● $\frac{ac}{bc}$

ব্যাখ্যা : $\frac{a}{b} = \frac{a \times c}{b \times c} = \frac{ac}{bc}$

**১৩. $\frac{2}{5}$ এর সমতুল ভগ্নাংশ কোনটি?** (মধ্যম)

ⓚ $\frac{4}{5}$ ⓐ $\frac{2}{10}$ ● $\frac{4}{10}$ ⓓ $\frac{4}{16}$

ব্যাখ্যা : লব ও হরকে 2 দ্বারা গুণ করলে পাওয়া যায় $\frac{2}{5} \times \frac{2}{2} = \frac{4}{10}$

**১৪. $\frac{1}{2}, \frac{2}{4}, \frac{5}{10}$ ভগ্নাংশগুলো পরস্পর কোন ধরনের ভগ্নাংশ?** (সহজ)

● সমতুল ⓐ অসমতুল ⓖ দশমিক ⓓ সমহর

ব্যাখ্যা : $\frac{1}{2} = \frac{1 \times 2}{2 \times 2} = \frac{2}{4}, \frac{1}{2} = \frac{1 \times 5}{2 \times 5} = \frac{5}{10}$

**১৫. নিচের কোন জোড়া পরস্পর সমতুল ভগ্নাংশ?** (মধ্যম)

ⓚ $\frac{a}{b}, \frac{ab}{bc}$ ● $\frac{a}{c}, \frac{ab}{bc}$ ⓖ $\frac{a}{x}, \frac{b}{x}$ ⓓ $\frac{2}{5}, \frac{10}{5}$

ব্যাখ্যা : $\frac{a}{c} = \frac{a \times b}{c \times b} = \frac{ab}{bc}$, আবার $\frac{ab}{bc} = \frac{ab \div b}{bc \div b} = \frac{a}{c}$

$\therefore \frac{a}{c}$ এবং $\frac{ab}{bc}$ সমতুল ভগ্নাংশ

**১৬. কোনটি সমতুল ভগ্নাংশ?** (মধ্যম)

ⓚ $\frac{ac}{cb} = \frac{c}{b}$ ⓐ $\frac{a^2b}{ab^2} = \frac{b}{a}$ ⓖ $\frac{a^2b}{ab} = \frac{a}{b}$ ● $\frac{a^3b^2}{a^2b^3} = \frac{a}{b}$

ব্যাখ্যা : $\frac{a^3b^2}{a^2b^3} = \frac{a \times a \times a \times b \times b}{a \times a \times b \times b \times b} = \frac{a}{b}$

**১৭. নিচের কোনটি বাদে যেকোনো রাশি দ্বারা ভগ্নাংশের লব ও হরকে ভাগ করলে ভগ্নাংশের মানের কোনো পরিবর্তন হয় না?** (সহজ)

● 0 ⓐ 1 ⓖ −1 ⓓ −2

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**১৮. সমতুল ভগ্নাংশের ক্ষেত্রে –**

i. $\frac{a}{x}$ এর সমতুল ভগ্নাংশ $\frac{a^2}{ax}, \frac{a^3}{a^2x}$

ii. $\frac{2}{5}, \frac{4}{5}$ হলো সমতুল ভগ্নাংশ

iii.  পরস্পর সমতুল

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓓ i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ **নিচের তথ্যের আলোকে ১৯ – ২১ নং প্রশ্নের উত্তর দাও:**

$\frac{a}{bx}, \frac{x}{x+1}, \frac{2}{5a}$ তিনটি বীজগণিতীয় ভগ্নাংশ।

**১৯. ১ম রাশির সমতুল ভগ্নাংশ নিচের কোনটি?** (সহজ)

ⓚ $\frac{a}{bx}$ ● $\frac{a^2}{abx}$ ⓖ $\frac{ax^2}{bx}$ ⓓ $\frac{ax^2}{abx}$

ব্যাখ্যা : $\frac{a}{bx} = \frac{a \times a}{bx \times a} = \frac{a^2}{abx}$

**২০. ২য় রাশির সমতুল ভগ্নাংশ নিচের কোনটি?** (সহজ)

ⓚ $\frac{x+1}{x}$ ⓐ $\frac{ax}{x+a}$ ⓖ $\frac{2x}{2x+1}$ ● $\frac{ax}{ax+a}$

ব্যাখ্যা : $\frac{x}{x+1} = \frac{x \times a}{(x+1) \times a} = \frac{ax}{ax+a}$

**২১. ৩য় রাশির সমতুল ভগ্নাংশ নিচের কোনটি?** (সহজ)

ⓚ $\frac{1}{a}$ ⓐ $\frac{2}{10a}$ ● $\frac{4}{10a}$ ⓓ $\frac{6}{10a}$

## ৬.৩ : ভগ্নাংশের লঘুকরণ ■ পৃষ্ঠা : ৮১ – ৮২

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**২২. কোনো ভগ্নাংশের লব ও হরের মধ্যে কোনো সাধারণ গুণনীয়ক বা উৎপাদক না থাকলে এরূপ ভগ্নাংশকে কোন আকারের ভগ্নাংশ বলা হয়?** (সহজ)

● লঘিষ্ঠ আকার ⓐ গরিষ্ঠ আকার

ⓖ দশমিক আকার ⓓ দশমাংশ আকার

**২৩. $\frac{3a}{6ab}$ এর লঘিষ্ঠ আকার নিচের কোনটি?** (মধ্যম)

ⓚ $\frac{1}{2a}$ ● $\frac{1}{2b}$ ⓖ 2b ⓓ 2a

ব্যাখ্যা : $\frac{3a}{6ab} = \frac{3a \times 1}{3a \times 2b} = \frac{1}{2b}$

**২৪. $\frac{x^2y^3}{x^3y^2}$ এর লঘিষ্ঠ রূপ নিচের কোনটি?** (মধ্যম)

● $\frac{y}{x}$ ⓐ $\frac{x}{y}$ ⓖ $x^2y$ ⓓ xy

ব্যাখ্যা : $\frac{x^2y^3}{x^3y^2} = \frac{x \times x \times y \times y \times y}{x \times x \times x \times y \times y} = \frac{y}{x}$

**২৫. $\frac{4a^3b^2c^2}{6a^2b^3c^2}$ লঘিষ্ঠ রূপ নিচের কোনটি?** (মধ্যম)

● $\frac{2a}{3b}$ ⓐ $\frac{2}{3b}$ ⓖ $\frac{2a}{b}$ ⓓ $\frac{a}{3b}$

ব্যাখ্যা : $\frac{4a^3b^2c^2}{6a^2b^3c^2} = \frac{2 \times 2 \times a \times a \times a \times b \times b \times c \times c}{2 \times 3 \times a \times a \times b \times b \times b \times c \times c} = \frac{2a}{3b}$

২৬. $\frac{x^2 - 9}{ax + 3a}$ এর লঘিষ্ঠ আকারে প্রকাশিত রূপ নিচের কোনটি? (মধ্যম)

ⓚ $\frac{ax}{a - 3}$ ⓚh $\frac{a}{x - 3}$ ⓖ $\frac{1}{x - 3}$ ● $\frac{x - 3}{a}$

ব্যাখ্যা : $\frac{x^2 - 9}{ax + 3a} = \frac{x^2 - 3^2}{ax + 3a} = \frac{(x + 3)(x - 3)}{a(x + 3)} = \frac{x - 3}{a}$

২৭. $\frac{4a^2b - 9b^3}{4a^2b + 6ab^2}$ এর লঘিষ্ঠ রূপ নিচের কোনটি? (মধ্যম)

● $\frac{2a - 3b}{2a}$ ⓚh $\frac{2a - 3b}{2ab}$ ⓖ $\frac{2a + 3b}{2ab}$ ⓖh $\frac{2a + 3b}{2a}$

ব্যাখ্যা : $\frac{4a^2b - 9b^3}{4a^2b + 6ab^2} = \frac{b(4a^2 - 9b^2)}{2ab(2a + 3b)}$

$= \frac{b(2a + 3b)(2a - 3b)}{2ab(2a + 3b)} = \frac{2a - 3b}{2a}$

২৮. $\frac{x^2 - y^2}{(x + y)^2}$ এর লঘুকরণ করলে কোনটি পাওয়া যাবে? (মধ্যম)

ⓚ $\frac{x + y}{x - y}$ ● $\frac{x - y}{x + y}$ ⓖ $\frac{x^2 - y^2}{x + y}$ ⓖh $\frac{x^2 - y^2}{x - y}$

ব্যাখ্যা : $\frac{x^2 - y^2}{(x + y)^2} = \frac{(x + y)(x - y)}{(x + y)(x + y)} = \frac{x - y}{x + y}$

২৯. $\frac{3abc}{15a^2b^2c}$ এর লঘিষ্ঠ আকারে প্রকাশিত রূপ নিচের কোনটি? (মধ্যম)

ⓚ $\frac{1}{5a}$ ● $\frac{1}{5ab}$ ⓖ $\frac{1}{5b}$ ⓖh $\frac{1}{5c}$

ব্যাখ্যা : $\frac{3abc}{15a^2b^2c} = \frac{3abc}{3abc \times 5ab} = \frac{1}{5ab}$

৩০. $\frac{46x^4y^5z^9}{69x^2y^3z^{12}}$ এর লঘিষ্ঠ আকারে প্রকাশিত রূপ নিচের কোনটি? (মধ্যম)

● $\frac{2x^2y^2}{3z^3}$ ⓚh $\frac{2xyz}{3}$ ⓖ $\frac{3x^2y^2}{5z^3}$ ⓖh $\frac{3x^2y^2z^2}{3}$

ব্যাখ্যা : $\frac{46x^4y^5z^9}{69x^2y^3z^{12}} = \frac{23x^2y^3z^9 \times 2x^2y^2}{23x^2y^3z^9 \times 3z^3} = \frac{2x^2y^2}{3z^3}$

৩১. নিচের কোনটি লঘিষ্ঠ আকারে প্রকাশিত ভগ্নাংশ? (সহজ)

ⓚ $\frac{a^2 + a}{a + 1}$ ● $\frac{a + b}{a - b}$ ⓖ $\frac{x^2y^3}{x^3y^2}$ ⓖh $\frac{x^2 - 9}{ax + 3a}$

৩২. $\frac{x^2 + 4x + 4}{x^2 - 4}$ এর লঘিষ্ঠ রূপ নিচের কোনটি? (মধ্যম)

ⓚ $\frac{1}{x + 2}$ ⓚh $\frac{x - 2}{x + 2}$ ⓖ $\frac{1}{x - 2}$ ● $\frac{x + 2}{x - 2}$

ব্যাখ্যা : $\frac{x^2 + 4x + 4}{x^2 - 4} = \frac{(x)^2 + 2.x.2 + (2)^2}{(x)^2 - (2)^2}$

$= \frac{(x + 2)^2}{(x + 2)(x - 2)} = \frac{(x + 2)(x + 2)}{(x + 2)(x - 2)} = \frac{x + 2}{x - 2}$

৩৩. $\frac{x^2 + 7x + 12}{x^2 + x - 12}$ এর লঘিষ্ঠ রূপ কোনটি? (মধ্যম)

● $\frac{x + 3}{x - 3}$ ⓚh $\frac{x - 3}{x + 3}$ ⓖ $\frac{1}{x + 3}$ ⓖh $\frac{1}{x - 3}$

ব্যাখ্যা : $\frac{x^2 + 7x + 12}{x^2 + x - 12} = \frac{x^2 + 3x + 4x + 12}{x^2 - 3x + 4x - 12} = \frac{x(x + 3) + 4(x + 3)}{x(x - 3) + 4(x - 3)}$

$= \frac{(x + 3)(x + 4)}{(x - 3)(x + 4)} = \frac{x + 3}{x - 3}$

### বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৩৪. নিচের তথ্যগুলো লক্ষ কর :

i. কোনো ভগ্নাংশের লঘুকরণ অর্থ হচ্ছে ভগ্নাংশটিকে লঘিষ্ঠ আকারে পরিণত করা

ii. $\frac{8a^2bc^2}{12a^3bc^3}$ কে লঘুকরণ করলে হয় $\frac{3abc}{3a^3bc}$

iii. $\frac{2a^3 + 3a^2b}{2a^2b + 3ab^2}$ এর লঘিষ্ঠ আকার $\frac{a}{b}$

নিচের কোনটি সঠিক? (মধ্যম)

ⓚ i ও ii ● i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

ব্যাখ্যা : i. তথ্যানুসারে সঠিক।

ii. $\frac{8a^2bc^2}{12a^3bc^3} = \frac{4a^2bc^2 \times 2}{4a^2bc^2 \times 3ac} = \frac{2}{3ac}$ সুতরাং উক্তিটি সঠিক নয়।

iii. $\frac{2a^3 + 3a^2b}{2a^2b + 3ab^2} = \frac{a^2(2a + 3b)}{ab(2a + 3b)} = \frac{a}{b}$। সুতরাং উক্তিটি সঠিক।

৩৫. ভগ্নাংশের লঘুকরণের অর্থ হলো–

i. ভগ্নাংশটিকে লঘিষ্ঠ আকারে পরিণত করা

ii. ভগ্নাংশটির লব ও হরকে এদের সাধারণ উৎপাদক দ্বারা ভাগ করা

iii. শুধু লবকে এদের সাধারণ উৎপাদক দ্বারা ভাগ করা

নিচের কোনটি সঠিক? (সহজ)

● i ও ii ⓚh i ও iii ⓖ ii ও iii ⓖh i, ii ও iii

### অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

■ নিচের তথ্যের আলোকে ৩৬ – ৩৮ নং প্রশ্নের উত্তর দাও:

$\frac{8x^2yz}{24xy^2z}$ একটি ভগ্নাংশ।

৩৬. ভগ্নাংশটির লব ও হরের গ.সা.গু. কত? (মধ্যম)

ⓚ xyz ⓚh 2xyz ⓖ 3xyz ● 8xyz

ব্যাখ্যা : লব $= 8x^2yz = 2 \times 2 \times 2 \times xyz \times x$

হর $= 24xy^2z = 2 \times 2 \times 2 \times 3 \times xyz \times y$

∴ গ.সা.গু. $= 2 \times 2 \times 2 \times xyz = 8xyz$

৩৭. ভগ্নাংশটি লঘুকরণ করতে কোনটি দ্বারা ভগ্নাংশের লব ও হরকে ভাগ করতে হবে? (সহজ)

ⓚ $2x^2yz$ ⓚh 3xyz ⓖ 4xyz ● 8xyz

৩৮. ভগ্নাংশটির লঘিষ্ঠ আকার নিচের কোনটি? (মধ্যম)

ⓚ $\frac{x}{y}$ ⓚh $\frac{x}{4y}$ ● $\frac{x}{3y}$ ⓖh $\frac{3x}{4y}$

ব্যাখ্যা : $\frac{8xyz \times x}{8xyz \times 3 \times y} = \frac{x}{3y}$

■ নিচের তথ্যের আলোকে ৩৯ ও ৪০ নং প্রশ্নের উত্তর দাও:

$\frac{a^2 + 2a}{a^2 - 4}, \frac{a^2 - 9}{a^2 + 3a}$ দুটি বীজগণিতীয় ভগ্নাংশ।

৩৯. ১ম ভগ্নাংশের লঘিষ্ঠরূপ নিচের কোনটি? (মধ্যম)

ⓚ $\frac{a}{a + 2}$ ● $\frac{a}{a - 2}$ ⓖ $\frac{a + 2}{a}$ ⓖh $\frac{a - 2}{a + 2}$

ব্যাখ্যা : $\frac{a^2 + 2a}{a^2 - 4} = \frac{a(a + 2)}{(a + 2)(a - 2)} = \frac{a}{a - 2}$

৪০. ২য় ভগ্নাংশের লঘিষ্ঠরূপ নিচের কোনটি? (মধ্যম)

● $\frac{a - 3}{a}$ ⓚh $\frac{a + 3}{a}$ ⓖ $\frac{a}{a - 3}$ ⓖh $\frac{a - 3}{a + 3}$

ব্যাখ্যা : $\frac{a^2 - 9}{a^2 + 3a} = \frac{(a + 3)(a - 3)}{a(a + 3)} = \frac{a - 3}{a}$

## ৬·৪ : সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ ■ পৃষ্ঠা : ৮২ – ৮৪

### সাধারণ বহুনির্বাচনি প্রশ্নোত্তর

৪১. সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশকে কী বলে? (সহজ)

● সমহরবিশিষ্ট ভগ্নাংশ ⓚh সমলববিশিষ্ট ভগ্নাংশ

ⓖ লঘিষ্ঠ ভগ্নাংশ ⓖh সমতুল ভগ্নাংশ

৪২. $\frac{x}{2z^2}$ ও $\frac{y}{4z}$ কে সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ করলে কোনটি হবে? (মধ্যম)

ⓚ $\frac{x}{4z^2}, \frac{y}{4z^2}$ ● $\frac{2x}{4z^2}, \frac{yz}{4z^2}$ ⓖ $\frac{x^2}{4z^2}, \frac{y^2}{4z^2}$ ⓖh $\frac{2x^2}{4z^2}, \frac{yz^2}{4z^2}$

ব্যাখ্যা : ভগ্নাংশগুলোর হর $2z^2$, 4z এর ল. সা. গু. $= 4z^2$

$\therefore \frac{x}{2z^2} = \frac{x \times 2}{2z^2 \times 2} = \frac{2x}{4z^2}$ [$\because 4z^2 \div 2z^2 = 2$]

এবং $\frac{y}{4z} = \frac{y \times z}{4z \times z} = \frac{yz}{4z^2}$

∴ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{2x}{4z^2}, \frac{yz}{4z^2}$.

**৪৩. $\frac{x}{pq}, \frac{y}{pr}$ এর সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ নিচের কোনটি?** (মধ্যম)

ক $\frac{x}{pqr}, \frac{y}{pqr}$  খ $\frac{xy}{pqr}, \frac{xy}{pqr}$  ● $\frac{xr}{pqr}, \frac{yq}{pqr}$  ঘ $\frac{xr}{pqr}, \frac{yr}{pqr}$

ব্যাখ্যা : $\frac{x}{pq} \times \frac{r}{r} = \frac{xr}{pqr}, \frac{y}{pr} \times \frac{q}{q} = \frac{yq}{pqr}$

**৪৪. $\frac{a}{2b}$ ও $\frac{3c}{4d}$ এর সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ নিচের কোনটি?** (মধ্যম)

ক $\frac{4d}{4bd}, \frac{cd}{4bd}$  ● $\frac{2ad}{4bd}, \frac{3bc}{4bd}$  গ $\frac{3ac}{2bc}, \frac{3ac}{4ad}$  ঘ $\frac{a^2}{2b^2}, \frac{3c^2}{4d^2}$

ব্যাখ্যা : ভগ্নাংশ দুইটির হর 2b ও 4d এর ল.সা.গু 4bd

এখানে, $\frac{a}{2b} = \frac{a \times 2d}{2b \times 2d} = \frac{2ad}{4bd}$ [∵ 4bd ÷ 2b = 2d]

এবং $\frac{3c}{4d} = \frac{3c \times b}{4d \times b} = \frac{3bc}{4bd}$ [∵ 4bd ÷ 4d = b]

∴ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{2ad}{4bd}, \frac{3bc}{4bd}$.

**৪৫. $\frac{x}{yz}, \frac{y}{zx}, \frac{z}{xy}$ এর সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ নিচের কোনটি?** (মধ্যম)

ক $\frac{x^3}{y^2z^2}, \frac{y^3}{z^2x^2}, \frac{z^3}{x^2y^2}$  ● $\frac{x^2}{xyz}, \frac{y^2}{xyz}, \frac{z^2}{xyz}$

গ $\frac{x^2}{yz}, \frac{y^2}{xz}, \frac{z^2}{xy}$  ঘ $\frac{xyz}{x^2}, \frac{xyz}{y^2}, \frac{xyz}{z^2}$

ব্যাখ্যা : ভগ্নাংশগুলোর হর yz, zx, xy এর ল. সা. গু. = xyz.

∴ $\frac{x}{yz} = \frac{x \times x}{yz \times x} = \frac{x^2}{xyz}$ [∵ xyz ÷ yz = x]

$\frac{y}{zx} = \frac{y \times y}{zx \times y} = \frac{y^2}{xyz}$ [∵ xyz ÷ zx = y]

$\frac{z}{xy} = \frac{z \times z}{xy \times z} = \frac{z^2}{xyz}$ [∵ xyz ÷ xy = z]

**৪৬. $\frac{a}{a^2-9}, \frac{b}{a+3}$ এর সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ নিচের কোনটি?** (কঠিন)

ক $\frac{a(a+3)}{a^2-9}, \frac{b(a-3)}{a^2-9}$  ● $\frac{a}{a^2-9}, \frac{b(a-3)}{a^2-9}$

গ $\frac{a}{a^2-9}, \frac{b(a+3)}{a^2-9}$  ঘ $\frac{b}{a^2-9}, \frac{a(a-3)}{a-9}$

ব্যাখ্যা : ভগ্নাংশগুলোর হর $a^2 - 9$, a + 3 এর ল. সা. গু = (a + 3)(a − 3) $= a^2 - 9$

∴ $\frac{a}{a^2-9} = \frac{a \times 1}{(a^2-9) \times 1} = \frac{a}{a^2-9}$ [∵ $(a^2 - 9) \div (a^2 - 9) = 1$]

এবং $\frac{b}{a+3} = \frac{b \times (a-3)}{(a+3)(a-3)} = \frac{b(a-3)}{(a^2-9)}$ [∵ $(a^2 - 9) \div (a + 3) = a - 3$]

**৪৭. $\frac{x}{x-y}, \frac{y}{x+y}$ এর সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ নিচের কোনটি?** (কঠিন)

ক $\frac{x^2}{x-y}, \frac{y^2}{x+y}$  ● $\frac{x(x+y)}{x^2-y^2}, \frac{y(x-y)}{x^2-y^2}$

গ $\frac{x^2(x+y)}{x^2-y^2}, \frac{y^2(x-y)}{x^2-y^2}$  ঘ $\frac{x+y}{x^2-y^2}, \frac{x-y}{x^2-y^2}$

ব্যাখ্যা : ভগ্নাংশগুলোর হর x − y, x + y এর ল. সা. গু. = (x − y)(x + y) $= x^2 - y^2$

∴ $\frac{x}{x-y} = \frac{x \times (x+y)}{(x-y)(x+y)} = \frac{x(x+y)}{x^2-y^2}$ [∵ $(x^2 - y^2) \div (x - y) = x + y$]

এবং $\frac{y}{x+y} = \frac{y \times (x-y)}{(x+y)(x-y)} = \frac{y(x-y)}{x^2-y^2}$ [∵ $(x^2 - y^2) \div (x + y) = x - y$]

**৪৮. $\frac{a}{b+c}, \frac{b}{c+a}$ এর লঘিষ্ঠ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশিত রূপ নিচের কোনটি?** (কঠিন)

ক $\frac{a}{(b+c)(c+a)}, \frac{b}{(b+c)(c+a)}$

খ $\frac{b}{(b+c)(c+a)}, \frac{c}{(b+c)(c+a)}$

● $\frac{ac+a^2}{(b+c)(c+a)}, \frac{b^2+bc}{(b+c)(c+a)}$

ঘ $\frac{c}{(b+c)(c+a)}, \frac{a}{(b+c)(c+a)}$

ব্যাখ্যা : প্রদত্ত ভগ্নাংশ দুইটির হর (b + c) এবং (c + a) এর ল.সা.গু. = (b + c)(c + a)

∴ $\frac{a}{b+c} = \frac{a(c+a)}{(b+c)(c+a)}$ [∵ (b + c) (c + a) ÷ (b + c) = (c + a)]

$= \frac{ac+a^2}{(b+c)(c+a)}$

∴ $\frac{b}{c+a} = \frac{b(b+c)}{(c+a)(b+c)}$ [∵ (b + c) (c + a) ÷ (c + a) = (b + c)]

$= \frac{b^2+bc}{(b+c)(c+a)}$

নির্ণেয় একই হরবিশিষ্ট ভগ্নাংশ দুইটি $\frac{ac+a^2}{(b+c)(c+a)}, \frac{b^2+bc}{(b+c)(c+a)}$

**৪৯. সমহরবিশিষ্ট ভগ্নাংশ যুগল নিচের কোনটি?** [খুলনা সরকারি বালিকা উচ্চ বিদ্যালয়]

ক $\frac{ab}{bc}, \frac{aa}{cd}$  খ $\frac{a}{b}, \frac{b}{a}$

গ $\frac{cd}{d}, \frac{cd}{c}$  ● $\frac{cd}{a}, \frac{ab}{a}$

**৫০. $\frac{a^2+b^2}{a^2-b^2}$ এবং $\frac{a-b}{2(a+b)}$ ভগ্নাংশদ্বয়ের হরগুলোর ল.সা.গু. নিচের কোনটি?** [খুলনা সরকারি মডেল স্কুল এন্ড কলেজ]

● $2(a^2 - b^2)$  খ $a^2 - b^2$

গ 1  ঘ $(a^2 + b^2)(a^2 - b^2)$

ব্যাখ্যা : ১ম ভগ্নাংশের হর $= a^2 - b^2 = (a + b)(a - b)$

২য় ভগ্নাংশের হর = 2(a + b)

∴ হরগুলোর ল. সা. গু. $= 2(a + b)(a - b) = 2(a^2 - b^2)$

**৫১. $\frac{x}{y}, \frac{y}{x}$ ভগ্নাংশদ্বয়ের সমহরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ নিচের কোনটি?** [ভোলা সরকারি উচ্চ বিদ্যালয়]

ক $\frac{x^2}{y^2}, \frac{y^2}{x^2}$  খ $\frac{xy}{x}, \frac{xy}{y}$  গ $\frac{x}{y}, \frac{y}{x}$  ● $\frac{x^2}{xy}, \frac{y^2}{xy}$

ব্যাখ্যা : ভগ্নাংশদ্বয়ের হরগুলোর ল.সা.গু. = xy

∴ ১ম ভগ্নাংশ $= \frac{x}{y} = \frac{x \times x}{y \times x} = \frac{x^2}{xy}$ [∵ xy ÷ y = x]

২য় ভগ্নাংশ $= \frac{y}{x} = \frac{y \times y}{x \times y} = \frac{y^2}{xy}$ [∵ xy ÷ x = y]

∴ সমহরবিশিষ্ট ভগ্নাংশ হলো $\frac{x^2}{xy}, \frac{y^2}{xy}$

## বহুপদী সমাপ্তিসূচক বহুনির্বাচনি প্রশ্নোত্তর

**৫২. প্রদত্ত দুইটি ভগ্নাংশকে সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ করণে–**

i. হরগুলোর ল.সা.গু. বের করতে হবে

ii. প্রতিটি ভগ্নাংশের হর দ্বারা ল.সা.গু. কে ভাগ করতে হবে

iii. ভাগফল দ্বারা সংশ্লিষ্ট ভগ্নাংশের লব ও হরকে গুণ করতে হবে

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

ক i ও ii  খ i ও iii  গ ii ও iii  ● i, ii ও iii

ব্যাখ্যা : তথ্যানুসারে i, ii ও iii সঠিক

**৫৩. নিচের তথ্যগুলো লক্ষ কর :**

i. সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশকে সমহরবিশিষ্ট ভগ্নাংশও বলা হয়

ii. সমহরবিশিষ্ট ভগ্নাংশগুলোর হর সমান থাকে

iii. $\frac{5ab}{4x^2y}$ এবং $\frac{5ab}{2xy^2}$ ভগ্নাংশ দুইটি সমহরবিশিষ্ট ভগ্নাংশ

**নিচের কোনটি সঠিক?** (সহজ)

● i ও ii  ⓑ i ও iii  ⓒ ii ও iii  ⓓ i, ii ও iii

**৫৪.** $\frac{m}{2a}, \frac{n}{4b}$ **দুটি ভগ্নাংশ হলে –**

i. হরগুলোর ল.সা.গু. 4ab

ii. এর সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ $\frac{2mb}{4ab}, \frac{2na}{4b}$

iii. $\frac{2mb}{4ab}, \frac{na}{4ab}$ দুইটি সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশ

**নিচের কোনটি সঠিক?** (মধ্যম)

ⓐ i ও ii  ● i ও iii  ⓒ ii ও iii  ⓓ i, ii ও iii

**অভিন্ন তথ্যভিত্তিক বহুনির্বাচনি প্রশ্নোত্তর**

■ **নিচের তথ্যের আলোকে ৫৫ ও ৫৬ নং প্রশ্নের উত্তর দাও :**

$\frac{a}{2p}$ এবং $\frac{b}{4q}$ দুইটি বীজগণিতীয় ভগ্নাংশ।

**৫৫. প্রদত্ত ভগ্নাংশ দুইটির হরগুলোর ল.সা.গু. নিচের কোনটি?** (সহজ)

ⓐ 2p  ⓑ 4q

● 4pq  ⓓ $4pq^2$

**৫৬. প্রদত্ত ভগ্নাংশদ্বয়কে সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ করলে নিচের কোনটি হবে?** (কঠিন)

● $\frac{2aq}{4pq}, \frac{bp}{4pq}$  ⓑ $\frac{a}{4pq}, \frac{b}{4pq}$  ⓒ $\frac{2a}{2p}, \frac{b}{4q}$  ⓓ $\frac{a^2}{2p^2}, \frac{b^2}{aq^2}$



## অতিরিক্ত সৃজনশীল প্রশ্ন ও সমাধান



**প্রশ্ন–১ ▸ দুটি বীজগণিতীয় ভগ্নাংশ হলো $\frac{2}{x^2 - x - 2}, \frac{3}{x^2 + x - 6}$.**

[শহীদ একাডেমি স্কুল এন্ড কলেজ, ফেনী]

ক. লঘিষ্ঠ আকারের ভগ্নাংশ কাকে বলে? ২

খ. ১ম ও ২য় ভগ্নাংশের হরের ল.সা.গু. নির্ণয় কর। ৪

গ. ভগ্নাংশ দুটিকে সমহর বিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ কর। ৪

**▸◂ ১নং প্রশ্নের সমাধান ▸◂**

ক. যে ভগ্নাংশের লব ও হরের কোনো সাধারণ উৎপাদক থাকে না, তাকে লঘিষ্ঠ আকারের ভগ্নাংশ বলে।

খ. ১ম ভগ্নাংশে হর $= x^2 - x - 2$
$= x^2 - 2x + x - 2$
$= x(x - 2) + 1(x - 2)$
$= (x - 2)(x + 1)$

২য় ভগ্নাংশের হর $= x^2 + x - 6$
$= x^2 + 3x - 2x - 6$
$= x(x + 3) - 2(x + 3)$
$= (x + 3)(x - 2)$

নির্ণেয় ১ম ও ২য় ভগ্নাংশের হরের ল.সা.গু. $(x - 1)(x - 2)(x + 3)$

গ. ভগ্নাংশদ্বয়ের হরের ল.সা.গু. $= (x + 1)(x - 2)(x + 3)$

∴ ১ম ভগ্নাংশ $= \frac{2}{x^2 - x - 2} = \frac{2}{(x - 1)(x - 2)}$
$= \frac{2(x + 3)}{(x + 1)(x - 2)(x + 3)}$

∴ ২য় ভগ্নাংশ $= \frac{3}{x^2 + x - 6} = \frac{3}{(x + 3)(x - 2)}$
$= \frac{3(x + 1)}{(x + 1)(x - 2)(x + 3)}$

**প্রশ্ন–২ ▸ দুটি বীজগণিতীয় ভগ্নাংশ হলো $\frac{1}{x^2 + 3x + 2}$ ও $\frac{x}{x^2 - 1}$**

ক. ১ম ভগ্নাংশের হরকে উৎপাদকে বিশেরষণ কর। ২

খ. ভগ্নাংশ দুইটির হরের ল.সা.গু. নির্ণয় কর। ৪

গ. ভগ্নাংশ দুইটিকে লঘিষ্ঠ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ কর। ৪

**▸◂ ২নং প্রশ্নের সমাধান ▸◂**

ক. ১ম ভগ্নাংশের হর $= x^2 + 3x + 2$
$= x^2 + 2x + x + 2$
$= x(x + 2) + 1(x + 2)$
$= (x + 2)(x + 1)$

খ. 'ক' হতে, ১ম ভগ্নাংশের হর $= x^2 + 3x + 2 = (x + 1)(x + 2)$

এবং ২য় ভগ্নাংশের হর $= x^2 - 1 = (x + 1)(x - 1)$

∴ ভগ্নাংশদ্বয়ের হরের ল.সা.গু. $= (x + 2)(x + 1)(x - 1)$
$= (x + 2)(x^2 - 1)$

গ. 'খ' হতে, হরগুলোর ল.সা.গু. $= (x + 2)(x^2 - 1)$

প্রাপ্ত ল.সা.গু. কে প্রত্যেকটির হর দ্বারা ভাগ করলে ভাগফল যথাক্রমে $(x - 1)$ এবং $(x + 2)$ হবে।

∴ $\frac{1}{x^2 + 3x + 2} = \frac{1}{(x + 1)(x + 2)}$
$= \frac{1(x - 1)}{(x + 1)(x - 1)(x + 2)}$
$= \frac{x - 1}{(x^2 - 1)(x + 2)}$

এবং $\frac{x}{x^2 - 1} = \frac{x}{(x + 1)(x - 1)}$
$= \frac{x(x + 2)}{(x + 1)(x - 1)(x + 2)}$
$= \frac{x(x + 2)}{(x^2 - 1)(x + 2)}$

নির্ণেয় ভগ্নাংশ দুইটির লঘিষ্ঠ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশরূ প

$\frac{x - 1}{(x^2 - 1)(x + 2)}$ এবং $\frac{x(x + 2)}{(x^2 - 1)(x + 2)}$

**প্রশ্ন–৩ ▸ $\frac{3}{a^2 - a - 2}$ এবং $\frac{5}{a^2 + a - 6}$ দুইটি বীজগণিতীয় ভগ্নাংশ।**

ক. প্রথম ভগ্নাংশের হরকে উৎপাদকে বিশেরষণ কর। ২

খ. ভগ্নাংশ দুইটির হরের ল.সা.গু. নির্ণয় কর। ৪

গ. ভগ্নাংশ দুইটি লঘিষ্ঠ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ কর। ৪

**▸◂ ৩নং প্রশ্নের সমাধান ▸◂**

ক. দেওয়া আছে, প্রথম ভগ্নাংশ $= \frac{3}{a^2 - a - 2}$

১ম ভগ্নাংশের হর $= a^2 - a - 2$
$= a^2 - 2a + a - 2$
$= a(a - 2) + 1(a - 2)$
$= (a + 1)(a - 2)$ **(Ans.)**

খ. 'ক' হতে প্রাপ্ত, প্রথম ভগ্নাংশের হর $= (a + 1)(a - 2)$

২য় ভগ্নাংশের হর $= a^2 + a - 6$
$= a^2 + 3a - 2a - 6$
$= a(a + 3) - 2(a + 3)$
$= (a - 2)(a + 3)$

∴ হরগুলোর ল.সা.গু. $= (a + 1)(a - 2)(a + 3)$

গ. 'খ' হতে প্রাপ্ত, ভগ্নাংশ দুইটির হরের ল.সা.গু. $= (a + 1)(a - 2)(a + 3)$

∴ $\frac{3}{a^2 - a - 2} = \frac{3}{(a + 1)(a - 2)}$
$= \frac{3(a + 3)}{(a + 1)(a - 2)(a + 3)}$

$$= \frac{3a + 9}{(a + 1)(a + 3)(a - 2)}$$

$$\therefore \frac{5}{a^2 + a - 6} = \frac{5}{(a - 2)(a + 3)}$$

$$= \frac{5(a + 1)}{(a - 2)(a + 3)(a + 1)}$$

$$= \frac{5a + 5}{(a + 1)(a + 3)(a - 2)}$$

নির্ণেয় ভগ্নাংশ দুইটির লঘিষ্ঠ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশরূ প

$\frac{3a + 9}{(a + 1)(a + 3)(a - 2)}$ এবং $\frac{5a + 5}{(a + 1)(a + 3)(a - 2)}$

**প্রশ্ন–৪ ▸ দুইটি বীজগণিতীয় ভগ্নাংশ হলো $\frac{a^2 + 2a}{a^2 - 4}$ এবং $\frac{a^2 + 2a - 15}{a^2 + 9a + 20}$**

ক. দ্বিতীয় ভগ্নাংশের লবকে উৎপাদকে বিশেরষণ কর। ২

খ. ভগ্নাংশ দুইটির হরের ল.সা.গু. নির্ণয় কর। ৪

গ. ভগ্নাংশ দুইটি লঘিষ্ঠ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ কর। ৪

**৪নং প্রশ্নের সমাধান**

**ক.** দ্বিতীয় ভগ্নাংশের লব $= a^2 + 2a - 15$

$= a^2 + 5a - 3a - 15$

$= a(a + 5) - 3(a + 5)$

$= (a + 5)(a - 3)$

**খ.** ১ম ভগ্নাংশের হর $= a^2 - 4$

$= (a)^2 - (2)^2$

$= (a + 2)(a - 2)$

২য় ভগ্নাংশের হর $= a^2 + 9a + 20$

$= a^2 + 4a + 5a + 20$

$= a(a + 4) + 5(a + 4)$

$= (a + 4)(a + 5)$

∴ ভগ্নাংশদ্বয়ের হরের ল.সা.গু.

$= (a + 2)(a - 2)(a + 4)(a + 5)$

$= (a^2 - 4)(a + 4)(a + 5)$

**গ.** 'খ' অংশ হতে পাই, হরগুলোর ল. সা. গু. $(a^2 - 4)(a + 4)(a + 5)$ প্রাপ্ত ল. সা. গু. কে প্রত্যেকটির হর দ্বারা ভাগ করলে ভাগফল যথাক্রমে $(a + 4), (a + 5)$ এবং $a^2 - 4$ হবে।

∴ ১ম ভগ্নাংশ $= \frac{a^2 + 2a}{a^2 - 4}$

$$= \frac{(a^2 + 2a) \times (a + 4)(a + 5)}{(a^2 - 4) \times (a + 4)(a + 5)}$$

[লব ও হরকে $(a + 4)(a + 5)$ দ্বারা গুণ করে]

$$= \frac{a(a + 2)(a + 4)(a + 5)}{(a^2 - 4)(a + 4)(a + 5)}$$

২য় ভগ্নাংশ $= \frac{a^2 + 2a - 15}{a^2 + 9a + 20}$

$$= \frac{(a + 5)(a - 3) \times (a^2 - 4)}{(a + 4)(a + 5) \times (a^2 - 4)}$$

[লব ও হরকে $(a^2 - 4)$ দ্বারা গুণ করে]

$$= \frac{(a^2 - 4)(a - 3)(a + 5)}{(a^2 - 4)(a + 4)(a + 5)}$$

নির্ণেয় ভগ্নাংশ দুইটি যথাক্রমে

$\frac{a(a + 2)(a + 4)(a + 5)}{(a^2 - 4)(a + 4)(a + 5)}, \frac{(a^2 - 4)(a - 3)(a + 5)}{(a^2 - 4)(a + 4)(a + 5)}$ **(Ans.)**

## সৃজনশীল প্রশ্নব্যাংক উত্তরসহ

**প্রশ্ন–৫ ▸** $\frac{a}{a(a + 3)}, \frac{b}{a^2 + 5a + 6}, \frac{10}{a^2 - a - 12}$ তিনটি বীজগণিতীয় রাশি।

ক. ভগ্নাংশের লঘুকরণ কী? ১ম ভগ্নাংশকে লঘুকরণ কর। ২

খ. ২য় ও ৩য় ভগ্নাংশের হরকে উৎপাদকে বিশেরষণ কর। ৪

গ. ভগ্নাংশ তিনটিকে লঘিষ্ঠ সাধারণ হরবিশিষ্ট ভগ্নাংশে প্রকাশ কর। ৪

